## নেগরান আবেদনের যোগ্যতা ও শর্তাবলী

১) **নেগরানে আলা (প্রধান হল পরিচালক**

ক. তাকমীল উত্তীর্ণ হতে হবে। তাকমীল/ফযীলত মারহালার কিতাবের উস্তাদ হতে হবে।

খ. অন্তত পাচঁ বছরের শিক্ষকতা,কিতাবি বিষয়াদিতে দক্ষতা এবং প্রশ্নের ভাষা ও মর্ম সম্পর্কে পরিচ্ছন্ন ধারনার অধিকারী হতে হবে

**গ. সহকারী নেগরানে আলার দায়িত্ব পালনের অভিজ্ঞতা থাকতে হবে।**

ঘ. নেগরান প্রশিক্ষণ কর্মশালায় অংশগ্রহণ করতে হবে।

ঙ. পরীক্ষা চলাকালীন নেগরানে আলার নিজ মারকাযে সার্বক্ষণিক অবস্থান বাধ্যতামূল

২) **সহকারী নেগরানে আলা (সহকারী প্রধান হল পরিচালক**

ক. তাকমীল উত্তীর্ণ হতে হবে। তাকমীল/ফযীলত মারহালার কিতাবের উস্তাদ হতে হবে।

খ. সহকারী নেগরান হিসাবে দায়িত্ব পালনের অন্তত তিন বছরের অভিজ্ঞতা থাকতে হবে।

গ. নেগরানে আলার দিক-নির্দেশনা অনুযায়ী দায়িত্ব পালনের মানসিকতা থাকতে হবে।

৩) **সহকারী নেগরান (সহকারী হল পরিচালক)**

ক. কমপক্ষে সানাবিয়া সানিয়া মারহালার কিতাবের উস্তাদ হতে হবে। জেনারেলদের জন্য এই শর্ত প্রযোজ্য নয়।

খ. অন্তত দুই বছরের শিক্ষকতার অভিজ্ঞতা থাকতে হবে।

গ. নেগরানে আলার দিক-নির্দেশনা অনুযায়ী দায়িত্ব পালনের মানসিকতা থাকতে হব

### ❖ নেগরানের গুনাবলি

ক. অমায়িক,সদালাপী শৃঙখলাবোধ,নীতির প্রশ্নে অনমনীয়তা,পরিচালনায় দক্ষতা,সকলের সাথে কাজ করার মন-মানসিকতার অধিকারী হতে হবে।

খ.উদ্ভুত সমস্যা ত্বরিত সমাধানের যোগ্যতা,সর্বোচ্চ আমানতদারি ও সুচারুরূপে কর্ম সম্পাদনে অভিজ্ঞ হতে হবে।

গ. কর্মোদ্যম,দায়িত্ব পালনে স্বতঃস্ফূর্ত,পারদর্শী ও সতর্ক হতে হবে।

ঘ. লেবাস-পোশাক ও সিরাত-সুরাত অবশ্যই সুন্নত পাবন্দ হতে হবে।

ক. যে মারহালার উত্তরপত্র মূল্যায়নের আবেদন করবেন,সে মারহালার উস্তাদ হতে হবে।

## মুমতাহিন আবেদনের যোগ্যতা ও শর্তাবলী

ক. যে মারহালার উত্তরপত্র মূল্যায়নের আবেদন করবেন,সে মারহালার উস্তাদ হতে হবে।

খ. অন্তত তিন বছরের শিক্ষকতা ও মাদরাসা পরীক্ষার উত্তরপত্র মূল্যায়নের অভিজ্ঞতা থাকতে হবে।

গ. প্রশ্নের মর্ম ও কাম্য বিষয় অনুধাবনের ,উত্তরপত্র মূল্যায়নের যোগ্যতা এবং নম্বর প্রদানে সচেতনতা সতর্কতা থাকতে হবে।

ঘ) কোনোক্রমেই অন্যের মাধ্যমে উত্তরপত্র মূল্যায়ন করানো যাবে না ,

ঙ. সকল ধরনের পারিবারিক /পারিপার্শ্বিক চাপ থেকে মুক্ত হয়ে পূর্ণ একাগ্রতার সাথে উত্তরপত্র মূল্যায়ন করতে হবে

### ❖ মুমতাহিনের গুণাবলি

ক. সর্বোচ্চ আমানতদারি , পরিচ্ছন্ন ও সুশৃঙখল কাজের অভ্যাস থাকতে হবে।

খ. নিরপেক্ষতা ও গোপণীয়তা রক্ষার গুন থাকতে হবে।

( নোট : নতুন আবেদনকৃত মুমতাহিনদের সাধারণত ইবতিদাইয়া মারহালা হতে বিবেচনা করা হয়। তারাক্কির জন্য পূর্ববর্তী মারহালার উত্তরপত্র একাধিকবার মূল্যায়নের অভিজ্ঞতা থাকতে হবে এবং নিরীক্ষণে ভালো রিপোর্টের অধিকারী হতে হবে। মুমতাহিন নির্বাচন কমিটির সিদ্ধান্তই চূড়ান্ত )